

📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৫১৪

পর্ব-২৭: ফিতনাহ (كِتَابُ الْفِتْنِ)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামত নিকটবর্তী হওয়া এবং যে ব্যক্তি মৃত্যুবরণ করল তখন হতেই তার কিয়ামত সংঘটিত হয়ে গেল।

الْفَصْلُ الثَّنِيْثُ (بَابُ قُرْبِ السَّاعَةِ وَأَنَّ مَنْ مَاتَ فَقَدْ قَامَتْ قِيَامَتُهُ)

আরবী

وَعَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنِّي لَأَرْجُو أَنْ لَا تَعْجَزَ أُمَّتِي عِنْدَ رَبِّهَا أَنْ يُؤَخَّرَهُمْ نِصْفَ يَوْمٍ». قِيلَ لِسَعْدٍ: وَكَمْ نِصْفُ يَوْمٍ؟ قَالَ: خَمْسُمِائَةٍ سَنَةٍ. رَوَاهُ أَبُو دَاوُدَ

সنده ضعیف ، رواه ابوداؤد (4360) * السند منقطع ، شريح بن عبيد لم يدرك سعداً رضی اللہ عنہ - (انظر التهذيب الكمال 3 / 380 تحقيق بشار عواد) وله شاهد ضعيف منقطع عند احمد (1 / 170 ح 1464) و حديث ابی داود (4349) و سندہ صحیح) يغنى عن

বাংলা

৫৫১৪-[৬] সা'দ ইবনু আবু ওয়াক্কাস (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আমি আশাবাদী যে, আমার উম্মাত তাদের প্রভুর কাছে এত অসহায় নয় যে, তিনি তাদেরকে অর্ধ দিনেরও অবকাশ দেবেন না। সা'দ (রাঃ)-কে প্রশ্ন করা হলো, সেই অর্থ দিনের পরিমাণ কত? উত্তরে তিনি বললেন, পাঁচশত বছর। (আবু দাউদ)

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৪৩৫০, সিলসিলাতুস সহীহাহ ১৬৪৩, সহীছল জামি ১৮১১, ২৪৮১, মুসনাদে আহমাদ ১৪৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنِّي لَأَرْجُو أَنْ لَا تَعْجِزَ أُمَّتِي عِنْدَ رَبِّهَا أَنْ يُؤَخَّرَهُمْ نِصْفَ يَوْمٍ) আমি আশা করি আমার সম্পদশালী উম্মতেরা হিসাবের জন্য ধৈর্যধারণ করতে অক্ষম হবে না, তাদের প্রভুর নিকট। আমার সম্পদশালী উম্মতগণ দরিদ্র উম্মাতের সাথে জান্নাতে মিলিত হতে অর্ধ দিবস তথা কিয়ামতের অর্ধ দিবস পর্যন্ত অপেক্ষায় থাকবে। হাদীসের বর্ণনাকারী সা'দ ইবনু আবু ওয়াক্কাস-কে জিজ্ঞেস করা হলো, অর্ধ দিবস সময় কতটুকু? তিনি উত্তর দিলেন ৫০০ বছর। বর্ণনাকারী অর্ধ দিবসের পরিমাণ নির্ণয়ের ক্ষেত্রে পবিত্র কুরআনের এই আয়াতের প্রতি লক্ষ্য করেছেন, (وَإِنَّ يَوْمًا مَّا عِنْدَ رَبِّكَ كَأَلْفِ سَنَةٍ مِّمَّا تَعُدُّونَ) “নিশ্চয় তোমার প্রভুর নিকট একদিনের পরিমাণ হলো তোমাদের পার্থিব গণনায় এক হাজার বছর সমপরিমাণ”- (সূরাহ আল হাজ্জ ২২: ৪৭)। (মিরক্বাতুল মাফাতীহ; ‘আওনুল মা'বুদ ৭ম খণ্ড, হা, ৪৩৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85492>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন